দৈনিক বাংলা

তারিখ 21 JUL 1994
পৃষ্ঠা ১০ কলাম ৪

14

# চট্টগ্রামে বেসরকারী শিক্ষা প্রতিষ্ঠানে নয়া নিয়োগের হিড়িক

মুস্তফা নঈম : চট্টগ্রাম, ১৯ জুলাই।— সরকারী অনুদানপ্রাপ্ত বেসরকারী স্কুল, মাদ্রাসা ও কলেজে শিক্ষক কর্মচারী নিয়োগের জন্য সরকার গঠিত বিকল্প কর্মকমিশন আগামী ৩১ জুলাইয়ের পর হতে কার্যকর হবে—এই সংবাদ প্রচারিত হওয়ার পর পর চট্টগ্রামের বেসরকারী শিক্ষা প্রতিষ্ঠানসমূহে শিক্ষক কর্মচারী নিয়োগের হিড়িক পড়েছে।

বেসরকারী স্কুল-কলেজের শিক্ষক কর্মচারীদের বেতন-ভাতাসহ বর্ধিত সুবিধা ঘোষণা করার পর হতে সরকার বেসরকারী স্কুল-কলেজসমূহে শিক্ষক কর্মচারী নিয়োগের জন্য বিকল্প কর্মকমিশন গঠনের সিদ্ধান্ত নেন। সংশ্লিষ্ট একটি সূত্র জানিয়েছে, চলতি মাসে সংসদীয় কমিটির সভায় চূড়ান্ত সিদ্ধান্ত গ্রহণের পর স্কুল-কলেজে এ ব্যাপারে সার্কুলার পাঠানো হবে। এর পরপর সকল ধরনের নিয়োগ বন্ধ করে দেয়া হবে। বর্তমানে বেসরকারী শিক্ষা প্রতিষ্ঠানসমূহের পরিচালনা পরিষদ এই নিয়োগ দিয়ে থাকেন। এ ধরনের নিয়োগের সময় প্রায়সই অনিয়ম ও কমিটির মধ্যে কোন্দলের অভিযোগ রয়েছে।

সরকার এসব বিবেচনা করে বিকল্প কর্ম কমিশন গঠনের সিদ্ধান্ত নিয়েছেন। এতে করে বেসরকারী শিক্ষা প্রতিষ্ঠানসমূহে শৃঙ্খলা ফিরে আসবে। কর্মকমিশনের আনুষ্ঠানিক ঘোষণার পর হতে পরিচালনা পরিষদের নিয়োগ সংক্রান্ত ভূমিকা থাকবে না। বিভাগীয় ও কেন্দ্রীয়ভাবে কর্মকমিশন থাকবে। কোন শিক্ষা প্রতিষ্ঠানে কতজন শিক্ষক কর্মচারী প্রয়োজন তা সংশ্লিষ্ট শিক্ষা প্রতিষ্ঠান প্রধান কর্মকমিশনকে লিখিতভাবে জানাবেন। কর্মকমিশন সকল শিক্ষা প্রতিষ্ঠানে শূন্য-পদ হিসাব করে পত্রিকায় বিজ্ঞপ্তি প্রকাশ করবেন। এরপর বি[illegible] সারে লিখিত ও মৌখিক পরীক্ষার পর তাদের মনোনীত করে বিভিন্ন শিক্ষা প্রতিষ্ঠানের চাহিদা অনুযায়ী নিয়োগ প্রদান করবেন। এই পদ্ধতির পর কোন শিক্ষক কর্মচারীকে ছাঁটাই করা যাবে না। কারো বিরুদ্ধে কোন অভিযোগ থাকলে তা লিখিতভাবে শিক্ষা মন্ত্রণালয়ে জানালে মন্ত্রণালয় প্রয়োজনীয় ব্যবস্থা নেবেন। চলতি মাসেই এ সিদ্ধান্ত চূড়ান্ত হওয়ার পথে। এই সিদ্ধান্ত চূড়ান্ত হলে আগস্ট মাস হতে সকল ধরনের নিয়োগ বন্ধ হয়ে যাবে। গঠিত কর্মকমিশন বর্তমানের প্রচলিত বিধি অনুযায়ী নিয়োগের সকল ব্যবস্থা করবেন। তার আগেই চট্টগ্রামের প্রায় প্রতিটি বেসরকারী শিক্ষা প্রতিষ্ঠানে নিয়োগ প্রদানের হুড়োহুড়ি পড়েছে।